কানাইঘাটে ডায়েবেটিস সেন্টারের উদ্বোধন: তাৎক্ষনিক চিকিৎসা প্রদানের অঙ্গিকার

কানাইঘাট প্রতিনিধিঃ
কানাইঘাট উত্তর বাজারের আর-রহমান মেডিকেল সেন্টারের নিচ তলায় নতুন আঙ্গিকে ডায়েবেটিস সেন্টারের শুভ উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে গত শুক্রবার সকাল ১১টায় কানাইঘাট ডায়েবেটিস সেন্টারে দায়িত্ব প্রাপ্ত বিশিষ্ট্য চিকিৎসক ডাঃ মিছবাউল ইসলাম চৌধুরী স্থানীয় সাংবাদিকদের নিয়ে এক প্রেস কনফারেন্স আয়োজন করেন। এ সময় তিনি বলেন বাংলাদেশ ডায়েবেটিক সমিতি (বারডেম) শাখার চিকিৎসক হিসাবে তিনি কানাইঘাট ডায়েবেটিস সেন্টার করে রোগীদের চিকিৎসা দিয়ে আসছেন। ডায়েবেটিস রোগ যে ভাবে ছড়িয়ে পড়েছে এখনি আমাদের সবাইকে সচেতন হতে হবে। কানাইঘাটে ডায়েবেটিস রোগীদের সংখ্যা দিন দিন বেড়ে যাওয়ায় যাতে করে এ অঞ্চলের রোগীরা এখানে এসে চিকিৎসা সেবা গ্রহন সহ সুপরামর্শ নিতে পারেন এজন্য সার্বক্ষনিক চিকিৎসার সুব্যবস্থা করা হয়েছে। ডাঃ মিছবাউল ইসলাম চৌধুরী বলেন ডায়েবেটিস সেন্টারে সব সময় চিকিৎসা সেবা দেওয়ার জন্য ডাক্তাররা কর্মরত থাকবেন। এমনকি টেলি মেডিসিন সেবার মাধ্যমে তাৎক্ষনিক রোগীদের চিকিৎসা সেবা প্রদান করা হবে। প্রেস কনফারেন্সে কানাইঘাট প্রেসক্লাবের সভাপতি রোটারিয়ান শাহজাহান সেলিম বুলবুল ও সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন সহ স্থানীয় সাংবাদিকরা উপস্থিত ছিলেন। এ সময় তারা বলেন কানাইঘাটে সবধরনের সুযোগ সুবিধা নিয়ে নতুন আঙ্গীকে ডায়েবেটিস সেন্টার স্থাপন করায় বিশিষ্ট্য চিকিৎসক ডায়েবেটিস ও মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ মিছবাউল ইসলাম চৌধুরী প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন এ ধরনের উদ্দ্যেগ গ্রহন করায় ডায়েবেটিস রোগীরা এখান থেকে কম খরচে সেবা নিতে পারবেন। সেই সাথে স্থানীয় সাংবাদিকরা বিভিন্ন সময় ডাঃ মিছবাউল চৌধুরী কর্তৃক কানাইঘাটে ফ্রি মেডিকেল ক্যাম্পের মাধ্যমে বিনা পয়সায় ডায়েবেটিস সহ অন্যান্য রোগীদের সেবা প্রদান করায় তার প্রশংসা করেন।